কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.২৩.৯৯.৪১.২০১৬/ ১০৪৭০ তারিখঃ ৬/১১/২০১৬

অকেজো গাড়ি নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা চত্বরে রক্ষিত ২টি এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর চত্বরে রক্ষিত ১৫টি গাড়ি (যেখানে যে অবস্থায় আছে) মোট ১৭(সতের)টি অকেজো গাড়ি নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও প্রতি সেট সিডিউল নগদ ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে (অফেরৎযোগ্য) আগামী ০৭/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে উপপরিচালক (লি.সা.সা.), রুম নং-৩২০, মধ্য বিল্ডিং, খামারবাড়ি, ঢাকা এবং উপপরিচালক (প্রশাসন) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর থেকে সংগ্রহ করা যাবে। আগ্রহী নিলামে অংশগ্রহণকারীগণ তাদের প্রদত্ত দর সম্বলিত পূরণকৃত এবং স্বাক্ষরিত সিডিউল আগামী ০৮/১২/২০১৬খ্রিঃ তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক (লি.সা.সা.) এর অফিস কক্ষ, রুম নং-৩২০, মধ্য বিল্ডিং, খামারবাড়ি, ঢাকা এ রক্ষিত নিলাম বাক্সে দাখিল করতে পারবেন। সকল নিলাম অংশগ্রহণকারীকে প্রস্তাবিত মূল্যের ১০% টাকা নিলাম জামানত (ফেরৎযোগ) হিসেবে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিলাম সিডিউলের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম সিডিউল বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন সময়ে নিলাম বিজ্ঞপ্তি স্থগিত বা বাতিল বা এ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখে। বিস্তারিত তথ্য ও সিডিউল কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ওয়েব সাইটে (www.dae.gov.bd) পাওয়া যাবে।

(মোঃ মনজুরুল হান্নান)
আহবায়ক
অকেজো যানবাহন নিলাম কমিটি
ও
পরিচালক
প্রশাসন ও অর্থ উইং।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.২৩.৯৯.৪১.২০১৬/১০৪১১ তারিখঃ ৬/১১/২০১৬

অকেজো গাড়ি নিলাম সিডিউল

১। নিলামের নাম ঃ অকেজো ১৭টি গাড়ি নিলামে বিক্রয়।
২। মালামালের বিবরণ ঃ ১৭টি অকেজো গাড়ি (সংযুক্ত সিডিউল মোতাবেক)
৩। নিলাম সংক্রান্ত তথ্য ও সিডিউল প্রাপ্তির তারিখ ঃ ০৭/১২/২০১৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
৪। নিলাম দর দাখিলের শেষ তারিখ ও সময় ঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত।
৫। নিলাম বাক্স খোলার তারিখ ও সময় ঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ বেলা ০২.৩০ ঘটিকা।
৬। নিলামে অংশগ্রহণের শর্তাবলী ঃ

৬.১: ট্রেড লাইসেন্স/আয়কর সার্টিফিকেটধারী বাংলাদেশী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

৬.২: নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে TIN ও সর্বশেষ আয়কর পরিশোধ প্রত্যয়নপত্র এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে নবায়নকৃত সর্বশেষ VAT নিবন্ধন প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬.৩: সিডিউল ক্রয়ের রশিদ সিডিউলের সাথে দাখিল করতে হবে;

৬.৪: যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এক বা একাধিক গাড়ি ক্রয়ের নিলামে অংশগ্রহণ করতে পারবে। একক দর ভিত্তিক অর্থাৎ প্রত্যেকটি গাড়ির সর্বোচ্চ দরদাতাকে এককভাবে সফল দরপত্র দাতা হিসাবে বিবেচনা করা হবে।

৬.৫: নিলামে অংশগ্রহণকারীকে প্রদত্ত দরের সিডিউল সীলগালা অবস্থায় নিলাম বাক্সে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের পর কোন প্রকার নিলাম দর সংক্রান্ত সিডিউল বা কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

৬.৬: সফল নিলাম অংশগ্রহণকারীকে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিলামের আওতাভুক্ত গাড়ি/গাড়িসমূহ তার নিজ দায়িত্বে ও নিজ খরচে খামারবাড়ি চত্বর /জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর চত্বর থেকে সরিয়ে নিতে হবে।

৬.৭: সফল নিলাম অংশগ্রহণকারী নিলামের দিন থেকে নিলামের আওতাভুক্ত গাড়ি নিজ দায়িত্বে পাহারার ব্যবস্থা করবেন। ঐ দিন থেকে কোন মালামাল খোয়া গেলে বা নষ্ট হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬.৮: সফল নিলাম অংশগ্রহণকারীকে তার প্রদত্ত দরের ১০০% টাকা কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর জমা প্রদান করতে হবে। অন্যথায় নিলামকারী কর্তৃপক্ষ নিলাম বাতিল বা পরবর্তী দরদাতাকে কার্যাদেশ প্রদান করার ক্ষমতা সংরক্ষণ করে।

৬.৯: শৃঙ্খলা ভঙ্গকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

৬.১০: যে কোন কারণে বা কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম কার্যাদেশ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৬.১১: প্রতিটি গাড়ির উদ্ধৃত্ব মূল্যের ৫% (শতকরা পাঁচ) টাকা হারে আয়কর এবং ৪%(শতকরা চার) টাকা হারে ভ্যাট প্রদান করতে হবে।

৬.১২: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর একটি সরকারী প্রতিষ্ঠান। নিলামে অংশগ্রহণকারী দ্বারা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কোন প্রকার স্থাবর/অস্থাবর সম্পত্তির ক্ষতিসাধন হলে অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.১৩: বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানাঃ ড. মোঃ আঃ ছালাম, উপপরিচালক (লি.সা.সা.) (ভারপ্রাপ্ত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রুম নং-৩২০, মধ্য বিল্ডিং, খামারবাড়ি, ঢাকা, ফোনঃ ৯১২৫০৫৩, মোবাইলঃ ০১৭১১৪৫৯৪৫৮।

৬.১৪: নিলামে বিক্রয়ের জন্য অকেজো গাড়িসমূহ যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।

৬/১১/১৬

(মোঃ মনজুরুল হান্নান)
আহবায়ক
অকেজো যানবাহন নিলাম কমিটি
ও
পরিচালক
প্রশাসন ও অর্থ উইং।

৬/১১/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
প্রশাসন ও অর্থ উইং
খামারবাড়ি, ঢাকা।
www.dae.gov.bd

অকেজো গাড়িসমূহের বিস্তারিত বিবরণ সিডিউল।

ক্রঃ নং	গাড়ীর রেজিঃ নং	গাড়ীর ধরণ	নির্মাতা প্রতিষ্ঠান	আসন সংখ্যা (চালকসহ)	প্রস্তুতকাল (মডেল)	জ্বালানীর ধরণ	যেখানে গাড়ীসমূহ রয়েছে	গাড়ির সংখ্যা	প্রদত্ত দর (অংকে ও কথায়)
১.	ঢাকা-ড-২৭০৫	মিনি ট্রাক	মিটসুবিসি	৩	১৯৭৯	ডিজেল	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।	১টি	
২.	ঢাকা-ড-১৭৩৫	পিকআপ (সিঙ্গেল ক্যাবিন)	মিটসুবিসি	৩	১৯৭৮	ডিজেল	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।	১টি	
	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি , ঢাকা চত্বরে মোট							২টি	
৩.	ঢাকা-ঘ-২৭৪৫	জীপ	মিটসুবিসি	৫	১৯৮০	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৪.	ঢাকা-গ-৭৪৯৫	কার	নিশান	৫	১৯৭৬	পেট্রোল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৫.	ঢাকা-গ-৮১৫২	কার	টয়োটা	৫	১৯৭৬	পেট্রোল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৬.	ঢাকা-চ-১২০৮	হিনোবাস (ষ্টাফবাস)	হিনো মটরস	৪৫	১৯৭৬	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৭.	ঢাকা-ঘ-০২-২৫৩১	হালকা যাত্রীবাহী মটরযান	ল্যান্ডরোভার	৭	১৯৯৩	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৮.	ঢাকা-ঘ-৫৭২৫	জীপ	মিটসুবিসি	৫	১৯৮০	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
৯.	ঢাকা-ঘ-২৭৮৪	জীপ	মিটসুবিসি	৪	১৯৭৯	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	

চলমানপাতা-02

ক্রঃ নং	গাড়ীর রেজিঃ নং	গাড়ীর ধরণ	নির্মাতা প্রতিষ্ঠান	আসন সংখ্যা (চালকসহ)	প্রস্তুতকাল (মডেল)	জ্বালানীর ধরণ	যেখানে গাড়ীসমূহ রয়েছে	গাড়ির সংখ্যা	প্রদত্ত দর (অংকে ও কথায়)
১০.	ঢাকা-ঘ-২৭৩৩	জীপ	মিটসুবিসি	৫	১৯৭৮	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১১.	দিনাজপুর-ব-৮৩৬৪	মিনিবাস	মিটসুবিসি	২৬	১৯৮৩	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১২.	ঢাকা-ঘ-৫৭২৩	জীপ	মিটসুবিসি	৫	১৯৮০	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১৩.	ঢাকা-গ-৮৫৮৯	জীপ	মিটসুবিসি	৫	১৯৭৬	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১৪.	ঢাকা-ঘ-৫৭২৪	জীপ	মিটসুবিসি	৫	১৯৮০	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১৫.	ঢাকা-জ-১৬০৩	মিনিবাস	মিটসুবিসি	২৬	১৯৮০	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১৬.	ঢাকা-ড-২৬৯৪	ট্রাক	মিটসুবিসি	৩	১৯৭৯	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
১৭.	ঢাকা-ঘ-১৫০৬	জীপ	মিটসুবিসি	৬	১৯৭৭	ডিজেল	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।	১টি	
	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে মোট							১৫ টি	
	সর্বমোট অকেজো গাড়ির সংখ্যা							১৭টি	

মোঃ [illegible] হান্নান
পরিচালক (প্রশাসন ও অর্থ)
প্রশাসন ও অর্থ উইং
ডিএই, খামারবাড়ি, ঢাকা।

নিলামে অংশগ্রহণকারীর স্বাক্ষর ও সীল